



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩- ৫৫২

তারিখ: ১৩/৮/২০১৭ খ্রি:।

বিষয়: প্রকল্পের ঋণ বিতরণের ছবি (সফট কপি) সংরক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের সুফলভোগীদের মাঝে বিতরণকৃত ঋণসমূহ সঠিকভাবে সদস্যদের মাঝে বিতরণের প্রমাণস্বরূপ ঋণী সদস্যদের গ্রুপ ছবি সমিতিওয়ারী সফটকপি সংরক্ষণ এবং ই-মেইল এর মাধ্যমে প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য স্মারক নং- ৫০৮, তারিখ : ২৫/০৭/২০১৭খ্রিঃ মূলে নির্দেশনা প্রদান করা হয়েছে যা সঠিক ভাবে প্রতিপালন করা হচ্ছে না। যার ফলে লক্ষ্য করা যাচ্ছে যে, ঋণ বিতরণের ছবি সঠিক ভাবে নির্দেশনা অনুযায়ী তোলা ও সংরক্ষণ না করে এক এক উপজেলা এক এক ভাবে করছেন যা কোনক্রমেই কাম্য নহে। তাই ঋণ বিতরণের ছবি সঠিকভাবে তোলা ও সংরক্ষণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য অনুরোধ করা হলোঃ

“ঋণ বিতরণ নামে একটি পৃথক সাধারণ (Common) ব্যানার থাকতে হবে, যা বারংবার ব্যবহারযোগ্য হবে। উক্ত ঋণ বিতরণ ব্যানারের সামনে ঋণ গ্রহণকারী সদস্যদের সারিবদ্ধভাবে দাঁড় করিয়ে সদস্যদের এক হাতে পাশবহি ও অন্য হাতে গ্রহণকৃত ঋণের অর্থ প্রদানপূর্বক এমনভাবে ছবি তুলতে হবে যাতে ঋণ বিতরণ ব্যানারসহ সকল সদস্যদের চেহারা সুস্পষ্টভাবে চেনা যায়। তবে ঋণ গ্রহণকারী সদস্যের সংখ্যা বেশি হলে এ ক্ষেত্রে কিছু সদস্যকে চেয়ারে বসিয়ে এবং অবশিষ্ট সদস্যদের দাঁড় করিয়ে ছবি তুলতে হবে। ভবিষ্যতে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের বিষয়ে ঋণ বিতরণ সঠিক ছিল কিনা এমন প্রশ্ন উত্থাপিত হলে উক্ত ছবি এর প্রমাণক হিসেবে কাজ করবে।”

  
প্রকৌশলী মেহমুদ রাসেল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

উপজেলা :-----,

জেলা :-----।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা :----- (বিষয়টি তদারকীর অনুরোধসহ)।
- ✓ প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।